মুজিব শতবর্ষ MUJIB 100

## উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিয়াকৈর, গাজীপুর। |
| তারিখ | ঃ | ২৭/১০/২০২২খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভায় মাননীয় উপদেষ্টা আলহাজ্ব এডভোকেট আ. ক. ম. মোজাম্মেল হক এমপি, গাজীপুর-১ ও মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং প্রত্যেককেই স্ব স্ব কর্মক্ষেত্রে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার পরামর্শ প্রদান করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সকল নির্দেশনা বাস্তবায়নের জন্য বলেন। এলাকা ভিত্তিক প্রয়োজনীয়তার বিষয়টি চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। পরিশেষে তিনি সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

০২। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর আগস্ট/২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সভায় উপস্থিত মাননীয় উপদেষ্টা মহোদয়কে উপজেলার আওতাধীন সকল বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১১জন জুনিয়র কনসালট্যান্ট পদের মধ্যে ৫টি পদ শুন্য আছে। শূন্য পদসমুহ ১. জুনিয়র কনসালট্যান্ট ইএনটি (নাক, কান, গলা) ২. জুনিয়র কনসালট্যান্ট অপথালমোলজি ৩. জুনিয়র কনসালট্যান্ট কাডিওলর্জি. ৪. জুনিয়র কনসালট্যান্ট সার্জারী ৫. জুনিয়র কনসালট্যান্ট মেডিসিন। নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে । চলতি মাস সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ৩২জনকে ও নরমাল ডেলিভারী করানো হয়েছে ২৬জনকে মোট ডেলিভারীর করানো হয়েছে ৫৮ জনকে।<br>করোনা ভ্যাকসিন প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডোজ কার্যক্রম চালু আছে। প্রথম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৫৪৮৪২১ ,দ্বিতীয় ডোজ ভ্যাকসিন প্রদান ৫০১৬৪৪, তৃতীয় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয় ১৬৮০৩৭জনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে। চলতি মাসে সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ১৬ জনকে ও নরমাল ডেলিভারী করানো হয়েছে ৩৫ জনকে।<br>কালিয়াকৈর উপজেলা ৪ টি উপ স্বাস্থ্য কেন্দ্র ও ৩৮ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্য বরাবরের মত চালু আছে । করোনা ভ্যাকসিন প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডোজ কার্যক্রম চালু আছে। প্রথম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৫৪৮১৪২ , দ্বিতীয় ডোজ ভ্যাকসিন প্রদান ৪৯৯৮৩৭, তৃতীয় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয় ১৪৮৬৭৫ জনকে । | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৬০,৯৪৩ জন। এর মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৬,৬৮৩ জন এবং গ্রহণকারীর হার ৭৬.৬০%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মোট সংখ্যা ৬ জন, ইমপ্ল্যানন গ্রহণকারী ৩৪, আইইউডি ৫৩জন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৫টি স্বাভাবিক প্রসব সম্পন্ন | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধ করণসহ কমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের ৮৪% পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে রয়েছে।এছাড়াবিভাগীয়অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেপরিচালিতহচ্ছে। | | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলার রবি/২০২২-২৩ মৌসুমে বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে ১২৯টি প্রদর্শনী বাস্তবায়িত হবে। প্রতিটি প্রদর্শনীর আয়তন ১.৫ শতক (দেড় শতক)।<br>অত্র উপজেলাতে চাষাবাদের জন্য পর্যাপ্ত সারের মজুদ বিদ্যমান আছে। বর্তমানে কোন ঘাটতি নাই। | রোড ম্যাপ অনুযায়ী বিতরণ হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি অফিসার |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, এআইটি ফিড মিলস-এ অভিযান পরিচালনা করা হয় অভিযান পরিচালনাকালে কোন অসংগতি পাওয়া যায়নি। এছাড়াও মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে, বিভিন্ন হাট বাজারে মৎস্যজীবীদের নিয়ে সভা আয়োজন করা হয় ও মা ইলিশ রক্ষ কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কে সচেতন করা হয় এবং অত্র উপজেলার মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে নিয়মিত পরামর্শ প্রদান করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, কালিয়াকৈর উপজেলায় গবাদি পশুর ফ্রি টিকা প্রদান ও চিকিৎসা ক্যাম্পেইন বোয়ালী নরেন্দ্র নারায়ন উচ্চ বিদ্যালয় মাঠেকরা হয়েছে। তিনি আরো জানান যে,তা ছাড়া বাশতলী, হরিণ হাটি, চান্দাবহ ও গোয়াল বাথান দুগ্ধ উৎপদানকরী দলের সদস্যদের গবাদিপশুকে চিকিৎসা,ভিটামিট ও কৃমিনাষক বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | <u>গ্রামীণ অবকাঠামো সংস্কার</u>ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫১,৯৫,৬৭৯/- টাকার বিপরীতে ৮টি ,৩৪.৬৩৮ মেঃটন চাল এর বিপরীতে ১টি ও ৩৪.৬৩৮ মেঃটন গম ১টি প্রকল্প তালিকা পাওয়া গিয়াছে। জেলা প্রশাসক বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ৩৮,২২,৪৯৮.০০ টাকা ২৫.৪৮৩৬ মেঃটন চাল, ২৫.৪৮৩৬ মেঃটন গম বরাদ্দ পাওয়া যায়। সংশ্লিষ্ট ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়াছে। | প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন | ১। উপজেলা নির্বাহী অফিসার কালিয়াকৈর, গাজীপুর ।<br>২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর । |
| | <u>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ</u> ঃ ২০২২-২০২৩ অর্থ বছেরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫৬,১৯,৩৩৩/- টাকার বিপরীতে ৫৬টি প্রকল্প জেলা প্রশাসক বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে এবং উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ২৬,২৯,১৫০/- টাকার বরাদ্দ পাওয়া যায় । সংশ্লিষ্ট ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়াছে। | প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন | |
| | আসন্ন শারদীয় দূর্গাপূজা উদ্‌যাপন -২০২২ উৎসব উপলক্ষ্যে কালিয়াকৈর উপজেলায় ১৩৫ টি পুজা মন্ডপের বিপরীতে ৬৭.৫০০ মে:টন চালের বরাদ্দ পাওয়া গিয়াছে। | বরাদ্দপ্রাপ্ত চাল অতি দ্রুত পূজারীদেও মাঝে বিতরণ করা হবে। | |
| | <u>অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ ঃ</u> ২০২১-২০২২ অর্থ বছরে 'অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় ১১টি আবাসন নির্মাণ প্রকল্প। | প্রকল্পের কাজ চলমান। | |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সম্পর্কে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মৃত ভাতাভোগীদের ওয়ারিশগন কর্তৃক ভাতাভোগীর মৃত্যুর তথ্য | কালিয়াকৈর উপজেলার ০৯টি ইউনিয়ন ও পৌর সভায় বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রাপ্তদের লাইভ ভেরিফিকেশনে প্রাপ্ত নীতিমালার আলোকে অযোগ্য ভাতাভোগীদের প্রতিস্থা পনের | |

| | | | |
|---|---|---|---|
| | গোপন করার প্রবনতা বন্ধ করা; নিরুদ্দেশ ভাতাভোগীদের খোঁজে পাওয়া; সুবর্ণ নাগরিক পরিচয় পত্রবিহীন প্রতিবন্ধী ভাতাভোগীদের সনাক্ত করা; ভাতাভোগীরা নিকট আত্মীয় বা অন্যকারো মোবাইল নাম্বারে টাকা প্রাপ্তিতে কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন তা জেনে সমাধানের চেষ্টা; ভাতা পেতে গিয়ে ভাতা ভোগীরা কি কি টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হচ্ছেন সেগুলো চিহ্নিত করে টেকনিক্যাল টিমকে জানানো এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের মৃত্যুর তথ্য নিশ্চিত হয়ে DIS এর তালিকা হালনাগাদ নিশ্চিত করার নিমিত্ত কালিয়াকৈর পৌরসভা ও ০৯ টি ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তির লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। আজ পর্য ১৬২ জন মৃত ভাতাভোগী সনাক্ত করা হয়েছে; নাম্বার পরিবর্তনের আবেদন করেছেন ৪৩ জন; সধবা সনাক্ত হয়েছে ৩ জন এবং বিভিন্ন কারনে অনুপস্থিত ১৬৩০ জনের অনুসন্ধান চলছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | নিমিত্ত প্রাথমিক সুপারিশের তালিকা ইউনিয়ন/ পৌরসভা কমিটি কর্তৃক ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | সুদ মুক্ত ক্ষুদ্র ঋণের ডিজিটাইজেশন সম্পর্কে আলোচনা: সমাজসেবা অফিসার সভাকে জানান যে, সকল ক্ষুদ্র ঋণের ডিজিটাইজেশনের লক্ষ্যে প্রস্তুতকৃত Micro Credit Management System (MCMS) এর পাইলটিং ইউনিট হিসেবে সারাদেশ হতে নির্বাচিত ১১ টি ইউনিটের মধ্যে কালিয়াকৈর উপজেলা রয়েছে। | MCMS সফটওয়্যারে সুদমুক্ত ক্ষুদ্র ঋণের তথ্য আপলোড করার কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br><br>২। উপজেলা সমাজসেবা অফিসার |
| | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদান সম্পর্কে আলোচনাঃ কালিয়াকৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ও কালিয়াকৈর পৌরসভাসহ সর্বমোট ১৫টি আবেদন জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে। | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানের চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | রোগী কল্যাণ সমিতি সম্পর্কে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২২ সালের আগস্ট মাসে ০১ জন বেল্লাশ পরিবহন খরচ প্রদান এবং ০৯ জন ব্যক্তিকে প্রয়োজনীয় ঔষধ কিনে দেওয়া হয়েছে। | রোগী কল্যাণ সমিতির ১১টি সেবা প্রদান কার্যক্রমকে আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিস কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | ১। ২০২২-২৩ অর্থ বছরের জন্য জয়িতা নির্বাচনের আবেদনপত্র আহ্বান করা হয়।<br>২। মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প এর ১৪ ও ১৫ তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের ভাতা বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>৩। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির ৪০ (চল্লিশ) হাজার টাকার চেক বিতরণ সম্পন্ন করা হয়।<br>৪। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে আগত জনসাধারণের সুবিধার্থে উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের নীচ তলায় (মুল গেটের পূর্ব পার্শ্বে) অভ্যর্থনা কক্ষ/তথ্য কেন্দ্র নির্মাণ করা প্রয়োজন। ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থধারা প্রকল্প বাস্তবায়ন কমিটি'র মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন।<br><br>বেনুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে শহীদ মিনার না থাকায় শহীদ মিনার নির্মাণের জন্য গত ১৩/০১/২০২২ইং | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থধারা কাজগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |



CamScanner

| | | |
|---|---|---|
| তারিখে উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রদান করা হয়। ৪,৯৪,৮৯২.০০ টাকা প্রাক্কলিত ব্যয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কোটেশন প্রক্রিয়ার মাধ্যমে প্রস্তু কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | | |
| সূত্রাপুর ইউনিয়নের ছোট কাঞ্চনপুর আফজালের বাড়ী হইতে আতোয়ারের বাড়ীর পশ্চিম সীমানা পর্যন্ত ব্রিক সলিং দ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উন্নয়ন করার জন্য গত ১৪/০২/২০২২ইং তারিখে মাসিক সাধারণ সভায় অনুমোদন প্রদান করেন। জমি সংক্রান্ত জটিলতা থাকায় সংশ্লিষ্ট চেয়ারম্যান উক্ত স্কীমটি পরিবর্তনের জন্য আবেদন করেছেন। সে প্রেক্ষিতে উক্ত প্রকল্পটির পরিবর্তে ছোট কাঞ্চনপুর পাকা রাস্তা হইতে দক্ষিণ দিকে ফুলচানের বাড়ী অভিমূখে এইচবিবি দ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | -ঐ- | |
| বোয়ালী ইউনিয়নে কুন্দাঘাটা-নলুয়া রাস্তায় ৯০০মিঃ চেইনেজ একটি অব্যবহৃত পরিত্যাক্ত ফুট ব্রীজ নিলামের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। নিলামের মাধ্যমে ফুট ব্রীজটি অপসারণের লক্ষ্যে উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | নিলাম প্রক্রিয়ার মাধ্যমে ফুট ব্রীজটি অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মৌচাক ইউনিয়নের নবনির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে ১৪টি প্রকল্পের তালিকা পাওয়া গেছে (অত্রসাথ সংযুক্ত তালিকা-সংযোজনী''ক"-)। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটি'র মাধ্যমে কাজগুলো বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা উন্নয়ন তহবিল হতে সংযোজনী-''ক" তে উল্লিখিত কাজগুলো বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | |

## সংযোজনী''ক"

## প্রকল্প তালিকা নিম্নরুপঃ

| ক্রমঃ | প্রকল্পের নাম | প্রকল্প সভাপতির নাম | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | রাঙ্গামাটি পরিমলের বাড়ী হতে রেজাউলের বাড়ী অভিমূখে রাস্তা ব্রিক সলিং কাজ | মোঃ খোরশেদ আলম | ২.০০ | |
| ০২ | দিঘীবাড়ী মেইন রোড হতে উত্তর দিকে মোশারফ মেম্বারের বাড়ী অভিমূখে রাস্তা এইচবিবি করণ কাজ | মোঃ মোশারফ হোসেন | ২.০০ | |
| ০৩ | কালিয়াদহ মজিবরের বাড়ীর সামনে পাকা রাস্তা হতে উত্তর দিকে হালিম সিকদারের বাড়ী অভিমূখে রাস্তা ব্রিক সলিং করণ কাজ | মোঃ আরিফুল ইসলাম | ২.০০ | |
| ০৪ | কারলসুরিচালা কফিলের বাড়ী হতে দক্ষিণ দিকে গাউছিয়া পর্যন্ত ব্রিক সলিং করণ কাজ | মোঃ মোস্তফা দেওয়ান পাপ্পু | ২.০০ | |
| ০৫ | হাবিবপুর কেন্দ্রীয় জামে মসিজদ হতে কমিউনিটি ক্লিনিক পর্যন্ত ব্রিক সলিং করণ কাজ | মোঃ দেলোয়ার হোসেন | ২.০০ | |
| ০৬ | পূর্ব মৌচাক আমজাদের বাড়ী হতে মনসুরের বাড়ী পর্যন্ত ব্রিক সলিং করণ কাজ | মোঃ ফখরুল ইসলাম মজুমদার | ২.০০ | |
| ০৭ | যোগীরচালা বাটার পিছন হতে মানিক দেওয়ানের বাড়ী অভিমূখে রাস্তা ব্রিক সলিং কাজ | মোঃ আবুল হাশেম | ২.০০ | |
| ০৮ | রতনপুর আকরাম চালা আমজাদ মাস্টারের বাড়ী হতে নালীপাড়া অভিমূখে ব্রিক সলিং কাজ | মোঃ আব্দুল বাতেন | ২.০০ | |
| ০৯ | বরাব আবুলের বাড়ীর সামনে ব্রিক সলিং হতে হাজী অহেদের বাড়ী অভিমূখে রাস্তা ব্রিক সলিং কাজ | মোঃ শহিদুজ্জামান জুয়েল | ২.০০ | |
| ১০ | রাঙ্গামাটি রেজাউলের বাড়ীহতে কুদ্দুছের বাড়ী অভিমূখে রাস্তা ব্রিক সলিং করণ কাজ | মোসাঃ ফিরোজা বেগম | ২.০০ | |
| ১১ | দক্ষিণ মৌচাক টুলিপাড়া আনোয়ারের বাড়ী হতে কামির বাড়ী পর্যন্ত ব্রিক সলিং করন কাজ | লাইলী সরকার | ২.০০ | |
| ১২ | বরাব শোরাপুর পাভেল পেপার মিলের গেইট হতে হায়েত আলীর বাড়ী অভিমূখে রাস্তা ব্রিক সলিং কাজ | আছমা আক্তার | ২.০০ | |
| ১৩ | মৌচাক লোহাকৈর মাজার রোডের আরসিসি রাস্তা হতে পশ্চিম দিকে FWC অভিমূখে রাস্তা এইচবিবি করণ (১ম অংশ) | মোঃ লোকমান হোসেন, চেয়ারম্যান | ২.০০ | |
| ১৪ | মৌচাক লোহাকৈর মাজার রোডের আরসিসি রাস্তা হতে পশ্চিম দিকে FWC অভিমূখে রাস্তা এইচবিবি করণ (২য় অংশ) | মোঃ লোকমান হোসেন, চেয়ারম্যান | ২.০০ | |
| | | মোট = | ২৮.০০ | |

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে,"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" হতে ২৩৪টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজ চলমান অবস্থায় রয়েছে। "গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প" হতে ১০০০(এক হাজার) টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর কাজ শুরু করা হয়েছে। "৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে কালিয়াকৈর পৌরসভায় ১.৫কিঃ মিঃ ড্রেনেজ এর কাজ চলমান অবস্থায় রয়েছে। | উক্ত কাজ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, ১। সমিতির সংখ্যাঃ- কালিয়াকৈর উপজেলায় সমিতির সংখ্যাঃ- ৬১৯টি। তন্মধ্যে বিভাগীয় প্রাথমিক সাধারণ সমিতি-৩৪৪টি, বিআরডিবি ভুক্ত প্রাথমিক সমিতির সংখ্যা -২৭৪ টি ও কেন্দ্রীয় ১টি ।<br>২। অডিটঃ-অত্র উপজেলায় মোট অডিট যোগ্য/ কার্যকর প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা -১৪৩টি। জুলাই/২০২২ খ্রিঃ মাসে অডিট সম্পাদনকৃত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা- ১৫টি।<br>৩। অডিটফিঃ- অত্র উপজেলায় ২০২০-২০২১খ্রিঃ সনের অডিট ফি ধার্যের পরিমান- ১,০১,৯৪০/-টাকা। অডিট ফি আদায় কার্যক্রম চলমান।<br>৪। সমবায় উন্নয়ন তহবিলঃ- ২০২০-২০২১খ্রিঃ সনে সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান-৩৯,৪৩২/-টাকা। ধার্যকৃত টাকা আদায় কার্যক্রম চলমান রয়েছে।<br>৫। আশ্রয়ণ প্রকল্পঃ- কালিয়াকৈর উপজেলায় সমবায় কার্যালয়ের আওতাধীন ০২টি আশ্রয়ণ প্রকল্প রয়েছে যা নিম্নে উল্লেখ করা হলোঃ<br>(ক)। ভুলুয়া আশ্রয়ণ প্রকল্প ঃ<br>ভুলুয়া আশ্রয়ণ প্রকল্পের টিনের চালাজড়াজীর্ণ, ঘরের বেড়া ভাঙ্গা, ঘরের চৌকাঠ ভাঙ্গা, ছেলে মেয়েদের পড়া শোনার জন্য ভালো কোন স্কুল নেই এবং মসজিদের কাজ বাকি রয়েছে। আশ্রয়ন প্রকল্পে বসবাসকারীদের চলাচলের জন্য রাস্তার ঘাটের কোন ব্যবস্থা নেই। ০৪ টি ব্যারাকে বসবাসরত ৪০টি পরিবারের জন্য ১৬টি শৌচাগার রয়েছে যা প্রয়োজনের তুলনায় অনেক কম এবং ব্যবহারের অনুপযোগী। ০৪ টি ব্যারাকের মধ্যে ০২টি ব্যারাকে সাবমার্সিবল ওয়াটার পাম্প দেয়া হয়েছে যা প্রয়োজনের তুলনায় কম। বাকী ০২টি ব্যারাকে সাবমার্সিবল ওয়াটার পাম্প প্রয়োজন। তাছাড়া উক্ত প্রকল্পে থাকা বিদ্যামান কমিউনিটি সেন্টার ব্যবহার অযোগ্য। বিগত মাস পর্যন্ত ঋণ আদায়েরপরিমান (আসল) ১১,৭৮,০০৭/-টাকা। বিগতমাসপর্যন্তসার্ভিসচার্জ আদায়- ৯৫,১৯২/-টাকা। ঋণ আদায়েরশতকরাহার ৬৭.৯৭ । ঋণ আদায়কার্যক্রম চলমান।<br>(খ) সোনাতলা আশ্রয়ণ প্রকল্পঃ-<br>সোনাতলা আশ্রয়ণ প্রকল্পে টিনের চালা জড়াজীর্ণ, ঘরের বেড়া ভাঙ্গা, ঘরের চৌকাঠ ভাঙ্গা, ছেলে মেয়েদের পড়াশোনার ভালো কোন সুব্যবস্থা নেই এবং মসজিদের কাজ বাকি রয়েছে। ০৪টি ব্যারাকের মধ্যে ১৬টি শৌচাগার দেয়া হয়েছিল যা ব্যবহারের অনুপযোগী। বর্তমানে ০৪ টি ব্যারাকে বসবাসরত ৪০টি পরিবারের মধ্যে সাবমার্সিবল ওয়াটার পাম্প এবং শৌচাগার প্রয়োজন। প্রকল্পে বিদ্যমান কমিউনিটি সেন্টারটি ব্যবহারের অনুপযোগী। বিগত মাস পর্যন্ত ঋণ আদায় (আসল) ৮৬১৮৭২/- টাকা। বিগত মাস পর্যন্ত সার্ভিস চার্জ আদায়-৬৯১৯৩/- টাকা। ঋণ আদায়ের শতকরা হার ৬৪.৯০%। ঋণ আদায় কার্যক্রম চলমান | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড মূল কর্মসূচীসহ অন্যান্য প্রকল্প/কর্মসূচী | ঋণ কার্যক্রম সন্তোষজনক, তবে কার্যক্রম আরও | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সমূহে দক্ষতার সহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রেখেছে। এ প্রেক্ষাপটে সেপ্টম্বর/২২ ইং মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে ৫১.৯৯ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণ হতে ৪৮.৫৭ (লক্ষ) টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ০.৬২ (লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার-৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৯৮১২.৭৭ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৪০১.৪০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ৫০.২৭ (লক্ষ) টাকা আদায়কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা ০.১২ লক্ষ টাকা, সঞ্চয় জমা ০.৫৭ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৩৬.৯৫ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০৭.৬৭ লক্ষ টাকা।<br>পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে ০১টি করে মোট ০৩টি ইউনিয়ন সমন্বয় সভা সম্পন্ন হয়েছে।<br>উক্ত মাসে২ (দুই) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিক মুক্ত পানি ও ফরমালিন মুক্ত খাবার, গাভী মোটা তাজা করণ, হাঁস মুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে। প্রতিটি সমিতিতে ঋণ বিতরণ ও সেমিনারের সময় ৩০ জন ঋনী সদস্যের মাঝে বিভিন্ন প্রকার শাক-সবজীর বীজ ও২০০ জনকে বিভিন্ন জাতের চারা বিতরণ করা হয়।<br>মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিআরডিবি'র পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | জোড়দার করতে হবে। মেয়াদোত্তীর্ণ ঋণ শুণ্যের কোটায় নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করা হলো। | |
| বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ তা সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১) এসএসসি/দাখিলপরীক্ষা ২০২২ গত ১৫-০৯-২০২২ তারিখে শুরু হয়ে সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। ২) মাধ্যমিক শিক্ষার গুনগত মানন্নোয়নে আন্তঃবিদ্যালয় ও মাদ্রাসা বিতর্ক প্রতিযোগিতা ০৭-০৮-২০২২ তারিখ থেকে ০৮টি ভেন্যুতে শুরু হয়ে সেমিফাইনাল শেষ হয় এবং ফাইনাল বিতর্ক প্রতিযোগিতা মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত হবে।৩)উপজেলা পর্যায়ের গ্রীস্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ইতো মধ্যে শেষ হয়েছে এবং ফলাফল জেলায় প্রেরন করা হয়েছে।৪) অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, সারা বাংলাদেশে ২য় পর্যায়ে ১৪১টি উপজেলা ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম চলছে। কালিয়াকৈর উপজেলা এর আওতাভূক্ত হয়ে বর্তমানে ৭টি ইউনিয়ন পরিষদের ভোটার রেজিস্ট্রেশনের ছবি উত্তোল শেষ করেছে।এই কার্যক্রম ১০-১০-২০২২ তারিখ পর্যন্ত | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাচন অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চলবে। এর মধ্যে জেলা পরিষদ নির্বাচন/২০২২ তফসিল ঘোষনা করা হয়েছে। তফসিল অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর, ২০২২, বাছাই ১৮ সেপ্টেম্বর, ২০২২, প্রত্যাহার ২৫ সেপ্টেম্বর, ২০২২এবং নির্বাচনের তারিখ ১৭ অক্টোবর, ২০২২ । সকল নির্বাচিত জনপ্রতিনিধিগণ এ উপজেলা পরিষদের ভোটার। উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে জাতির পিতা বঙ্গবন্ধু সরকারী হাই স্কুল, চন্দ্রা -কেন্দ্র হিসেবে নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া এ উপজেলায় যারা স্মার্ট কার্ড বিতরণের সময় নিতে পারেননি তাদের জন্য প্রতিদিন বিতরণ কার্যক্রম চালু রাখা হয়েছে। এছাড়া যথারীতি জাতীয় পরিচয় পত্র সংশোধন, স্থানান্তর, হারানো এবং কর্তন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সকল কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | | |
| বিএডিসি সেচ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (সেচ) |
| খাদ্য বিভাগ | খাদ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কালিয়াকৈর খাদ্য গুদামের খাদ্য শস্যের বর্তমান (২৫/০৯/২০২২) মজুত। চাল- ২৭৭.০০ মে:টন, গম- ৭৬.০০ মে:টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১। আউশ ফসলের নমুনা কর্তন । ২।মাসিক কৃষিমজুরীর তথ্য সংগ্রহ। ৩। বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ। ৪। বনজরিপ। ৫। পাট ফসলের নমুনা কর্তন । ৬ । আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচজরিপ। | চলমান কার্যক্রমগুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| আনসার ভিডিপি বিভাগ | সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করাসহ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ, কালিয়াকৈর জোনাল অফিস জানান যে, মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম চলমান আছে। অনলাইনে গ্রহকের আবেদন গ্রহণ করা হয় এবং ০৭(সাত) দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয়। সংযোগ নেওয়ার জন্য গ্রহককে অফিসে আসার প্রয়োজন হয় না। অত্র প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা একান্তকাম্য। | মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া কালিয়াকৈর উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ(সকল) |
| কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৮১৮৮ জন। বর্তমান মাসে সঞ্চয় আদায় হয়েছে ৪.০২ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৪৭৫.৬৮ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ বিতরণ হয়েছে ৯৩.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫০৫৫.২৭ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ আদায় হয়েছে ৮৫.২৪ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৩৭০৪.০৩ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৭৩%। ইতোমধ্যে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ৩৬০ জন সদস্যের মাঝে ১৩২.৫০ লক্ষ টাকা কর্মসৃজন ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩২১ জন কৃষকের মাঝে মোট ৬৩.৫০ লক্ষ টাকা শস্যগোলা ঋণ বিতরণ করা হয়েছে।সমিতি পর্যায়ে ২৮৪.৫০ লক্ষ টাকা খেলাপী হিসেবে পড়ে আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে বিভিন্ন | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে। সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়াকৈর শাখা। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম গ্রহন করা হচ্ছে। সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করছি। | | |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০৭-২০২২

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কালিয়াকৈর, গাজীপুর।
তারিখ: ২৭/০৭/২০২২খ্রি.

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯-৮০৬

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। আলহাজ্ব এ্যাডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, কালিয়াকৈর উপজেলা পরিষদ, গাজীপুর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৭। উপজেলা ............................................ অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৮। চেয়ারম্যান ........................................ইউপি(সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৯। জনাব ...........................................................................................
১০। অফিস কপি।

২৭/০৭/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।



CamScanner